

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি তথ্য সার্ভিস  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.ais.gov.bd

স্মারক নং- ১২.০৫.০০০০.০১১.২৯.০০১.১৮.৮২৪


তারিখ: ২০/৫/২০১৮

বিষয়: কৃষি তথ্য সার্ভিসের আওতায় ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনী/২০১৮ উপলক্ষে রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতার একখানা বিজ্ঞাপন পত্রিকায় প্রকাশ সংক্রান্ত।

কৃষি তথ্য সার্ভিসের আওতায় ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনী/২০১৮ উপলক্ষে রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতার একখানা রঙিন বিজ্ঞাপন (সাইজ:৩ কলাম ৬.৫ ইঞ্চি) আপনাদের পত্রিকার ভিতরের পাতায় ১(এক) দিনের জন্যে জরুরীভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্যে অনুরোধ করা হলো। প্রচার শেষে বিধি মোতাবেক পরিচালক, কৃষি তথ্য সার্ভিস এর অনুকূলে বিল পেশ করার জন্যে অনুরোধ করা হলো।

এ সাথে উক্ত বিজ্ঞাপনটির হার্ডকপি ও সফট কপি আপনাদের পত্রিকার ই-মেইলে পাঠানো হলো।

সংযুক্ত : ০১(এক) কপি বিজ্ঞাপন।

  
(ড. মো. খালেদ কামাল)

প্রধান তথ্য অফিসার  
পক্ষে- পরিচালক  
ফোন নং ৯১১২২৬০

ই-মেইল : dirais@ais.gov.bd

- বরাবর: ১। বিজ্ঞাপন ম্যানেজার  
দৈনিক সংবাদ  
২। বিজ্ঞাপন ম্যানেজার  
দৈনিক জনকণ্ঠ

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে) :

- ১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব(সম্প্রসারণ) কৃষি মন্ত্রণালয়।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। যুগ্মসচিব, সম্প্রসারণ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
২। তথ্য অফিসার(পিপি) কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

সংযুক্ত বিজ্ঞাপনটি এ দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্যে আপনাকে অনুরোধ করা হলো।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি তথ্য সার্ভিস  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.ais.gov.bd



স্মারক নং: ১২.০৫.০০০০.০১১.৩০.০০৩.১৭-৮০৭

তারিখ: ০৮-০৫-২০১৮

## রচনা ও শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৮ ও জাতীয় ফল প্রদর্শনী উদযাপন উপলক্ষে শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি তথ্য সার্ভিস কর্তৃক রচনা ও শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

### ১. রচনা প্রতিযোগিতা

রচনা প্রতিযোগিতায় অনুসরণীয়

গ্রুপ	শব্দ সংখ্যা (অনধিক)	বিষয়
ক গ্রুপ : ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি	১০০০	পুষ্টি চাহিদা পূরণে দেশি ফলের গুরুত্ব
খ গ্রুপ : একাদশ থেকে স্নাতকোত্তর	১৫০০	দেশের উন্নয়ন ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত ফল চাষ

- রচনা স্পষ্ট হাতের লেখা বা কম্পিউটার কম্পোজ হতে হবে;
- রচনার সাথে পাসপোর্ট সাইজের এককপি সত্যায়িত রঙিন ছবি ও শিক্ষা প্রতিষ্ঠানের ছবি সংবলিত আইডি কার্ড/বেতন রসিদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে;
- আগামী ০৩ জুন ২০১৮ অফিস চলাকালীন সময়ের মধ্যে ১০x১২ ইঞ্চি খামে করে নিচের ঠিকানায় সরাসরি বা ডাক/কুরিয়ারযোগে পাঠাতে হবে;
- খামের ওপর প্রতিযোগিতার গ্রুপ উল্লেখ করতে হবে;
- রচনার সাথে প্রতিযোগীর পূর্ণনাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি, যোগাযোগের ঠিকানা (টেলিফোন, মোবাইল, ই-মেইল যদি থাকে), অভিভাবকের নামসহ লিখে পাঠাতে হবে;
- প্রতিযোগিতায় প্রতি গ্রুপের বিজয়ী তিনজনকে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে এবং নির্বাচিত লেখা কৃষিকথায় প্রকাশ করা হবে।

### ২. শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা

চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অনুসরণীয়

গ্রুপ	বিষয়
ক গ্রুপ : ২য় শ্রেণি পর্যন্ত	দেশের উন্নয়ন ও পুষ্টির জন্য দেশি ফলের চাষ
খ গ্রুপ : ৩য় থেকে ৫ম শ্রেণি	
গ গ্রুপ : ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি	

- স্থান: কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি (১ম বিল্ডিং, ২য় তলা), ফার্মগেট, ঢাকা-১২১৫
- তারিখ ও সময়: ০২ জুন ২০১৮, শনিবার; সকাল ১০.০০টা।
- উল্লিখিত স্থানে, নির্ধারিত সময়ে আগ্রহী প্রতিযোগীদের প্রয়োজনীয় উপকরণ (রঙ, তুলি, বোর্ড ইত্যাদি) এবং ছবি সংবলিত স্কুলের পরিচয়পত্রসহ উপস্থিত থাকতে হবে। কৃষি তথ্য সার্ভিস কার্টিজ পেপার সরবরাহ করবে। প্রতিযোগিতায় প্রত্যেক গ্রুপের বিজয়ী তিনজনকে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে এবং নির্বাচিত ছবি কৃষিকথায় প্রকাশ করা হবে।

স্বাক্ষরিত/-

(ড. মো. নুরুল ইসলাম)  
পরিচালক  
কৃষি তথ্য সার্ভিস

ফোন- ৯১১২২৬০